‘মেসি আবারও আর্জেন্টিনার হয়ে খেলবে’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা : রাশিয়া বিশ্বকাপ শেষে কোপা আমেরিকায় ব্যর্থ হয়ে জাতীয় দল থেকে অবসর নেওয়ার মতো কোনো নাটক আর করেননি লিওনেল মেসি। কিন্তু চিন্তার বিষয় হলো, বিশ্বকাপ শেষে এতদিন হয়ে গেলেও জাতীয় দলে যোগ দিচ্ছেন না এই ফুটবল জাদুকর। জাতীয় দলে খেলা কিংবা না খেলা নিয়েও মুখে কুলুপ এঁটেছেন তিনি। এবার মেসির প্রিয় ক্লাব বার্সেলোনার কোচ আর্নেস্তো ভালভের্দে আর্জেন্টিনা ভক্তদের জন্য আশার কথা শোনালেন।

ভালভের্দে বলেছেন, ‘মেসি জাতীয় দলে না গেলে বার্সেলোনার জন্য সে আরও বেশি বিশ্রাম পেতে পারে। তবে আমরা জানি, সে জাতীয় দলে ফিরতে চায় এবং সে ফিরবে। বার্সেলোনার জন্য সবচেয়ে ভালো খবর হলো, মেসি যদি জাতীয় দলে ফেরে তাহলে সে সুখী হবে। আর এমনটাই আমরা চাই।’

রাশিয়া বিশ্বকাপে আশানুরূপ ছিল না মেসির পারফরম্যান্স। ফ্রান্সের কাছে হেরে শেষ ষোলো থেকে বিদায় নেয় আর্জেন্টিনা। বিশ্বকাপ শেষে মেসিকে ছাড়াই সেপ্টেম্বরে গুয়াতেমালা ও কলম্বিয়ার বিপক্ষে দুটি প্রীতি ম্যাচ খেলে আর্জেন্টিনা। চলতি মাসে হতে যাওয়া ইরাক ও ব্রাজিলের বিপক্ষে প্রীতি ম্যাচের দলেও নেই বার্সেলোনা ফরোয়ার্ড।

২০০৫ সালের অগাস্টে আর্জেন্টিনা দলে অভিষেক হওয়ার পর এখন পর্যন্ত ১২৮ ম্যাচ খেলে ৬৫টি গোল করেছেন মেসি। জাতীয় দলে তার ফেরা নিয়ে ভালভের্দে আরও বলেন, ‘আমরা চাই, সে যেখানেই থাকুক না কেন ভালো করুক। সে আর্জেন্টিনা জাতীয় দলের হয়ে অনেক কিছু করতে চায়। আমারও সেটা চাই।’

নিউজবিডি৭১/বিসি/অক্টোবর ০৩, ২০১৮